



০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৪৩৯৩/

তারিখ :

বিষয় : প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন ও প্রধান শিক্ষকের চাকুরীর মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

- সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ তাং ০৬-০৬-২০১১ খ্রিঃ।
খ) শিক্ষা মন্ত্রণালয়ের নং-শিম/শাঃ১১/৮ বিবিধ(এম.পি.ও)-১১/২০০৪/২০০৬/১৫৬৭ শিক্ষা তাং ১১-০৮-২০০৬ খ্রিঃ।
গ) রিট পিটিশন নং ৯৪৬৪/২০১০ তারিখঃ ১৫-১২-২০১০ খ্রিঃ এর আদেশ।
ঘ) প্রধান শিক্ষক(অবঃ) জনাব মোঃ গোলাম হোসেনের ২৩-১১-১৪ তারিখের আবেদন ও সহকারী প্রধান শিক্ষকের ২৩-১১-২০১৪ তারিখের আবেদন।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারী বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ অবসর গ্রহণের কারণে শূন্য হলে অথবা অসুস্থ হলে বা তিনি ছুটিতে থাকলে সহকারী প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক না থাকলে বিদ্যালয়ের জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করবেন।

২। বর্ণিত অবস্থায় 'ক' সূত্রের পত্রের আদেশের সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অবসর জনিত শূন্য পদে সহকারী প্রধান শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

৩। জনাব মোঃ গোলাম হোসেন, প্রধান শিক্ষক(অবসর প্রাপ্ত) এর চাকুরীর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুমোদন দেয়ার সুযোগ নেই।

বিষয়টি অতিব জরুরি।

সভাপতি, ম্যানেজিং কমিটি
দস্তনগর এস, এম ফার্ম মাধ্যমিক বিদ্যালয়
ডাক-দস্তনগর, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ।



(প্রফেসর আব্দুস ছালাম বিশ্বাস)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।
ফোন : ০৪২১-৬৮৬৩৪
e-mail : is@jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬৮৭৮/ ৪৩৬৮(৭)

তারিখ : ২৩/১২/১৪

অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। প্রধান শিক্ষক(অবসর প্রাপ্ত), দস্তনগর এস, এম ফার্ম মাধ্যমিক বিদ্যালয়, ডাক-দস্তনগর, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ।
- ৭। জনাব মাহবুব হুসাইন, সহকারী প্রধান শিক্ষক, এস, এম ফার্ম মাধ্যমিক বিদ্যালয়, ডাক-দস্তনগর, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ।
- ৮। সংরক্ষণ নথি।


বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
